

২০২২

বাংলা

(অনার্স)

(জেনেরিক ইলেকটিভ)

(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠ্যক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোড : BENG-H-GE-T-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ),

ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলা]

পূর্ণমান : ৬০

সময় : ২½ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

- ১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও; ২×১০=২০
- ক) চর্যাপদের আদি পদকর্তা কে? তাঁর রচিত পদের সংখ্যা কয়টি?
- খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে, কোন্ স্থান থেকে আবিষ্কার করেন?
- গ) বাংলা ভাষায় রচিত সর্বশ্রেষ্ঠ চৈতন্য জীবনী কাব্যের রচয়িতার নাম উল্লেখ করে কাব্যের নাম লেখো।

(পরের পাতায়)

- ঘ) বাংলা ভাষায় অনূদিত মহাভারতের সর্বশ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনূদিত মহাকাব্যটির নাম কী?
- ঙ) 'সুকবিবল্লভ' কোন্ কবির উপাধি? তাঁর রচিত কাব্যের নাম লেখো।
- চ) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করে তাঁর রচিত কাব্যের নাম লেখো।
- ছ) ধর্মমঙ্গল কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি? গ্রন্থটির রচয়িতা কে?
- জ) বাচ্যোৎপ্রেক্ষা কাকে বলে? উদাহরণ দাও।
- ঝ) শাক্ত পদাবলীতে 'ভক্তের আকুতি' পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?
- ঞ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা' - পদটি কোন্ পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে?
- ট) বৈষ্ণব সাহিত্যে 'বাৎসল্য' পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ের তোমাদের পাঠ্য পদটি উল্লেখ করো।
- ঠ) শ্রীচৈতন্যদেবের আবির্ভাব ও তিরোধান কাল উল্লেখ করো।
- ড) স্বরবৃত্ত ছন্দের মাত্রা গণনার পদ্ধতি লেখো।
- ঢ) উদাহরণ সহযোগে শ্লেষ অলংকারের সংজ্ঞা আলোচনা করো।
- ণ) 'এও যে দেখি রক্তের মতো রাঙা দুটি জবাফুল'— কোন্ অলংকারের উদাহরণ? বুঝিয়ে দাও।
- ২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : $৫ \times ৪ = ২০$
- ক) কালীদাসের মহাভারতের শ্রেষ্ঠত্বের নিদর্শন দাও।

- খ) চৈতন্যজীবনী কাব্য রূপে 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো।
- গ) 'অন্নদামঙ্গল' কাব্যকে 'নূতন মঙ্গল' কাব্য বলা হয় কেন? আলোচনা করো।
- ঘ) 'এ সখি হামারি দুখের নাহি ওর'— কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।
- ঙ) ছন্দোলিপি নির্ণয় করো :
ধরনী এগিয়ে আসে দেয় উপহার,
ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।
- চ) টীকা লেখো (যে-কোন দুটি) :
বক্রোক্তি, যমক, অনুপ্রাস।
- ৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : $১০ \times ২ = ২০$
- ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের সামাজিক চিত্র ও কাব্যমূল্য আলোচনা করো। $৫+৫$
- খ) মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্ত ও নারায়ণদেবের কৃতিত্ব ব্যাখ্যা করো। $৫+৫$
- গ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে বিদ্যাপতি ও চণ্ডীদাসের তুলনামূলক আলোচনা করো। $৫+৫$
- ঘ) মাত্রাবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। $২+৮$